

প্রকা/এমটিএফপি এন্ড বিসিডি সার্কুলার লেটার নং-০৫/২০২৩

তারিখ : ২২.১১.২০২৩

বিভাগীয় মহাব্যবস্থাপক, রাজশাহী/রংপুর  
সকল জোনাল ব্যবস্থাপক  
উপ-মহাব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা  
ব্যবস্থাপক (সহকারী মহাব্যবস্থাপক), স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী  
সকল শাখা ব্যবস্থাপক  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

সংশোধিত

বিষয়: 'রাকাব দৈনিক লাভ হিসাব (RDP)' হিসাব খোলা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ০৯.০৬.২০১১ তারিখের শানিবি সার্কুলার নং-০৫/২০১১ এবং ২৫.০৪.২০২২ তারিখের প্রকা/এমটিএফপি এন্ড বিসিডি সার্কুলার লেটার নম্বর-০২/২০২২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বর্ণিত ০৯.০৬.২০১১ তারিখের শানিবি সার্কুলার নং-০৫/২০১১ এর ০৫(ক) নম্বর অনুচ্ছেদে হিসাব খোলার পদ্ধতি ও নিয়মাবলীতে উল্লেখ আছে যে-

“আঠার বৎসর কিংবা তদুর্ধ্ব বয়স্ক এবং সুস্থ মস্তিষ্ক সম্পন্ন যে কোন বাংলাদেশী নাগরিক নিজ নামে অথবা যৌথ নামে এ প্রডাক্টের আওতায় হিসাব খুলতে পারবেন। শুধুমাত্র ব্যক্তি খাতে উক্ত হিসাব খোলা যাবে। কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ হিসাব খোলা যাবে না।”

০৩। গত ০৫ নভেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত রাকাব পরিচালনা পর্ষদের ৫৭২ তম সভায় প্রতিষ্ঠানের নামে 'রাকাব দৈনিক লাভ হিসাব (RDP)' খোলার অনুমতির লক্ষ্যে এ বিভাগের ০৯.০৬.২০১১ তারিখের শানিবি সার্কুলার নং-০৫/২০১১ এর ০৫ (ক) নম্বর অনুচ্ছেদ উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক নিম্নরূপভাবে সংশোধনপূর্বক অনুমোদন দেয়া হয়েছে:

“আঠার বৎসর কিংবা তদুর্ধ্ব বয়স্ক এবং সুস্থ মস্তিষ্ক সম্পন্ন যে কোন বাংলাদেশী নাগরিকের একক নামে অথবা যৌথ নামে এবং সব ধরনের শিক্ষা প্রতিষ্ঠানের নামে এ প্রডাক্টের আওতায় হিসাব খোলা যাবে।”

০৪। পর্ষদ কর্তৃক উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে 'রাকাব দৈনিক লাভ হিসাব (RDP)' সংক্রান্ত সার্কুলার নং ৫/২০১১ এর সংশোধনকৃত ০৫(ক) নম্বর অনুচ্ছেদ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হলো। এতদ্বিষয়ে, শাখা নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক ০৯.০৬.২০১১ তারিখে জারীকৃত শানিবি সার্কুলার নং-০৫/২০১১ এর অন্যান্য বিধি/শর্তাবলী এবং ২৫.০৪.২০২২ তারিখের প্রকা/এমটিএফপি এন্ড বিসিডি সার্কুলার লেটার নম্বর-০২/২০২২ এর সুদ হার সম্পর্কিত ০২(গ) নং অনুচ্ছেদ অপরিবর্তিত থাকবে।

০৫। হিসাব খোলার সংশোধিত নিয়ম ২৬.১১.২০২৩ তারিখ হতে কার্যকর হবে।

০৬। এ সংক্রান্ত কোন ব্যাখ্যার প্রয়োজন হলে মানিলভারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট-এ যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মুহাঃ হাফিজুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

প্রকা/এমটিএফপি এন্ড বিসিডি-১৪১/২০২৩-২০২৪/৮৩৭(৪০৫)/৫৭

তারিখ: ৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী-কে সার্কুলার লেটারটি রাকাব-এর ওয়েবসাইটে প্রদর্শন এবং CBS সিস্টেমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৭। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
- ০৮। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১০। অফিস নথি।

(মোঃ সাদিকুল ইসলাম)

সহকারী মহাব্যবস্থাপক